ক্ষতিগ্রস্থ শিক্ষা সম্পদ ও দুর্নীতি 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 OCT 2002
পৃঃ ১১ ... ৬

# নীতিমালা না থাকায় নীলফামারীর দেড় শতাধিক প্রাথমিক স্কুলের পরিত্যক্ত সম্পদ নষ্ট

নীলফামারী সংবাদদাতা ।। জেলার ৬টি উপজেলায় ১৫৭টি সরকারী ও রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের কয়েক লাখ টাকা মূল্যের পরিত্যক্ত সম্পদ খোয়া গেলেও কোন বাস্তব পদক্ষেপ নেয়া হচ্ছে না।

জেলা সদর, ডোমার, ডিমলা, জলঢাকা, কিশোরীগঞ্জ ও সৈয়দপুর উপজেলায় গত ১০ বছরে ফ্যাসিলিটিজ, এল, জি, ই, ডি ও উপজেলা পরিষদ থেকে মোট ১৫৭টি সরকারী ও রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে পাকা করা হয়। পাকাকরণের ফলে সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের পুরাতন পাকা ভবন এবং রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়সমূহের সেমিপাকা টিনের ঘর পরিত্যক্ত হয়ে যায়। দীর্ঘদিন ধরে পড়ে থাকায় অনেক বিদ্যালয় পরিচালনা কমিটি টিন-কাঠ খুলে নিজেরাই আত্মসাৎ করে। অনেক বিদ্যালয়ের মালামাল রাতের অন্ধকারে খোয়া যায়। পাকা ভবনসমূহের দরজা-জানালা খোয়া যাওয়া ছাড়াও ইট খুলে নেয়ার অভিযোগ পাওয়া গেছে।

বিদ্যালয়ের পরিত্যক্ত সম্পদ নিলামে বিক্রি করে আরো কয়েকটি বিদ্যালয় পাকাকরণ সম্ভব হলেও শিক্ষা মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট নীতিমালার অভাবে পরিত্যক্ত মালামালসমূহ বিক্রয় বা নিলাম করা সম্ভব হচ্ছে না।



নীলফামারী ঃ সদর উপজেলার একটি পরিত্যক্ত প্রাথমিক বিদ্যালয় ভবন — ইত্তেফাক